

## আমতলীর এইচএসসি পরীক্ষা কেন্দ্র স্থগিত

■ আমতলী (বরগুনা) সংবাদদাতা  
আমতলীতে এইচএসসি পরীক্ষায়  
নকলের অভিযোগে পরীক্ষা কেন্দ্র  
সাময়িক স্থগিত করা হয়েছে।

১৪ মে থেকে এ কেন্দ্রের সব  
পরীক্ষা পটুয়াখালী সরকারি মহিলা  
কলেজ কেন্দ্রে অনুষ্ঠিত হবে। তবে  
মদলবারের পরীক্ষা যথারীতি আমতলী  
কেন্দ্রে অনুষ্ঠিত হয়।

আমতলীর পরীক্ষা কেন্দ্রে  
নকলের অভিযোগে শিক্ষা মন্ত্রণালয়ের  
নির্দেশে তিন সদস্যের একটি তদন্ত  
কমিটি গঠন করা হয়। কমিটির  
সদস্যরা গত রবিবার আমতলী এসে  
তদন্ত করে।

এরপর শিক্ষা মন্ত্রণালয়ের  
নির্দেশে সোমবার শিক্ষা বোর্ডের এক  
সভায় আমতলী ডিগ্রী কলেজ কেন্দ্রের  
পরীক্ষা পটুয়াখালী সরকারি মহিলা  
কলেজ কেন্দ্রে স্থানান্তরের সিদ্ধান্ত হয়।  
বরিশাল শিক্ষা বোর্ডের কলেজ  
পরিদর্শক ও তদন্ত কমিটির সদস্য  
লিয়াকত হোসেন জানান, আমতলীর  
এইচএসসি পরীক্ষা কেন্দ্র ১৪ মে থেকে  
স্থগিত করা হয়েছে। এ পরীক্ষা  
পটুয়াখালী সরকারি মহিলা কলেজ  
কেন্দ্রে অনুষ্ঠিত হবে। এ বছর  
এইচএসসি পরীক্ষায় আমতলী  
উপজেলার ৫টি কলেজের প্রায় দুই  
হাজার পরীক্ষার্থী আমতলী ডিগ্রী  
কলেজ ও বকুল নোছা মহিলা কলেজে  
কেন্দ্রে পরীক্ষা দিচ্ছে।